



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখঃ ১৭/০৫/২০১৮ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে পদার্থ বিজ্ঞান বিভাগের আয়োজনে সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়ে পদার্থ বিজ্ঞান বিভাগের আয়োজনে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বিশ্বখ্যাত বিজ্ঞানী স্টিফেন হকিংস এবং আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিজ্ঞানী ও গবেষক প্রফেসর ড. জামাল নজরুল ইসলাম এর বর্ণাত্য কর্মময় জীবন ও গবেষণার উপরে এ সেমিনারের আয়োজন করা হয়। অদ্য ১৭ মে ২০১৮ তারিখ পদার্থ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. রহিমা নাসরিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। বিশেষ অতিথি ছিলেন বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন ড. মোঃ হাসিনুর রহমান। অনুষ্ঠানে কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, প্রট্টর ড. সুব্রত কুমার দাস সহ বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ, শিক্ষকমণ্ডলী ও পদার্থ বিজ্ঞান বিভাগের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে উপাচার্য মহোদয় ইতোপূর্বে বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী পদার্থ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রফিউ
উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস